গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ১৩ জুলাই, ২০২৫ খ্রি.

# প্রেস বিজ্ঞপ্তি

১৩/০৭/২০২৫ তারিখ রোজ রবিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব অতনু বড়ুয়া এর নেতৃত্বে "কুইন্স কনফেকশনারি বিডি লিমিটেড", নলভোগ, তুরাগ, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে উক্ত প্রতিষ্ঠানটির উৎপাদনস্থল ও মেঝে অত্যন্ত অপরিষ্কার-অপরিচ্ছন্ন অবস্থায় পাওয়া যায়; রেফ্রিজারেটরে অনেক পুরানো লেবেলিং করা বক্সে চকলেট ও বিভিন্ন খাদ্যপোকরণ মজুদ করতে দেখা যায়; যথাযথ লেবেল সংযোজন ব্যতিরেকে বার্গার পেটি, চিকেন রোল, ঘি ফ্লেভার ও কেক ইমালশন মজুদ তথা ব্যবহার করতে দেখা যায়; প্রতিষ্ঠানটির স্টোর অত্যন্ত নোংরা, স্যাতস্যাতে ও আলো-বাতাসহিন অবস্থায় পরিলক্ষিত হয়; এছাড়াও পরিবেশ ছাড়পত্র ও পানি পরীক্ষার সনদ প্রদর্শনে ব্যর্থ হয়। উক্ত অপরাধে দোষ স্বীকারোক্তির ভিত্তিতে নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক ২,০০,০০০/- অর্থদন্ড করা হয় এবং তাৎক্ষনিকভাবে আদায় করা হয়।

অভিযানকালে জনাব মো: আসলাম উদ্দিন, মনিটরিং অফিসার; জনাব মো: হারুনুর রশীল, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

১৩/০৭/২৫

মোঃ আমিনুল ইসলাম
মনিটরিং অফিসার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ই-মেইল: aminul.islam@bfsa.gov.bd

**বিতরণঃ**

১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৭। অফিস কপি।